# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পর্ব - ০২
## সৃজনশীল নমুনা প্রশ্ন ও নমুনা উত্তর
## (পাঠ পরিকল্পনা - ০২ অনুসারে)

### আলোচ্য বিষয়:
### ৬ষ্ঠ অধ্যায়: প্রাপ্য হিসাবসমূহের হিসাবরক্ষণ
### হিসাববিজ্ঞান প্রথমপত্র
### একাদশ/দ্বাদশ শ্রেণি

মুহম্মদ জিয়াউর রহমান
সহকারী অধ্যাপক(হিসাববিজ্ঞান)
বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম
০১৭১০-৯৩৫৩৫৬

# নমুনা প্রশ্ন -০১

## (প্রত্যক্ষ অবলোপন - প্রাপ্য হিসাবের ওপর শতকরা - সনাতন পদ্ধতি)

২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে আগমনী লিমিটেড-এর অনাদায়ী পাওনা প্রভিশনের পরিমাণ ছিল ৩,০০০ টাকা। ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত ৬৩,০০০ টাকা। অবলোপনকৃত অনাদায়ী পাওনার পরিমাণ ৫,০০০ টাকা এবং অলিখিত অনাদায়ী পাওনা ৩,০০০ টাকা। প্রাপ্য হিসাবের ওপর ১০% অনাদায়ী পাওনা প্রভিশন রাখতে হবে।

ক) নতুন অনাদায়ী পাওনা প্রভিশনের পরিমাণ নির্ণয় করো।

খ) প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও।

গ) অনাদায়ী পাওনা হিসাব ও অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব তৈরি করো।

### ১(ক) নং প্রশ্ন উত্তর

**নতুন অনাদায়ী পাওনা প্রভিশনের পরিমাণ নির্ণয়:**

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রাপ্য হিসাব | ৬৩,০০০ |
| বাদ: অলিখিত অনাদায়ী পাওনা | ৩,০০০ |
| **সমন্বিত প্রাপ্য হিসাব** | **৬০,০০০** |

**নতুন অনাদায়ী পাওনা প্রভিশন**

= সমন্বিত প্রাপ্য হিসাব × অনাদায়ী পাওনা প্রভিশনের হার

= ৬০,০০০ টাকা × ১০%

= ৬,০০০ টাকা।

**বিশেষ নোট: নতুন অনাদায়ী পাওনা প্রভিশন নির্ণয় করার কাজটি আমরা ২টি ধাপে করবো। প্রথম ধাপে প্রাপ্য হিসাব থেকে অলিখিত অনাদায়ী পাওনা বাদ দিয়ে সমন্বিত প্রাপ্য হিসাব নির্ণয় করবো। দ্বিতীয় ধাপে সমন্বিত প্রাপ্য হিসাবকে অনাদায়ী পাওনা প্রভিশনের হার দ্বারা গুণ করে নতুন অনাদায়ী পাওনা প্রভিশন নির্নয় করবো। উল্লেখ্য যে, লিখিত অনাদায়ী পাওনা প্রাপ্য হিসাব থেকে বাদ দেয়া আছে বিধায় এটি আর বাদ দিতে হবে না।**

### ১(খ) নং প্রশ্ন উত্তর

আগমনী লিমিটেড

জাবেদা দাখিলা

| তারিখ | বিবরণ | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৯ খ্রি: | | | | | |
| ডিসে-৩১ | অনাদায়ী পাওনা হিসাব | ডে. | | ৩,০০০ | |
| | প্রাপ্য হিসাব | ক্রে. | | | ৩,০০০ |
| | (অলিখিত অনাদায়ী পাওনা হিসাবভুক্ত করা হলো।) | | | | |
| ডিসে-৩১ | অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব | ডে. | | ৮,০০০ | |
| | অনাদায়ী পাওনা হিসাব | ক্রে. | | | ৮,০০০ |
| | (মোট অনাদায়ী পাওনা, অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবে স্থানান্তর করা।) | | | | |
| ডিসে-৩১ | বিশদ আয় বিবরণী( ৫,০০০+৩,০০০+৬,০০০-৩,০০০) | ডে. | | ১১,০০০ | |
| | অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব | ক্রে. | | | ১১,০০০ |
| | (পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশনের পরিমাণ কম থাকায় বিশদ আয় বিবরণীতে স্থানান্তর করা হলো। ) | | | | |
| | মোট= | | | ২২,০০০ | ২২,০০০ |

**বিশেষ নোট:**

**প্রত্যক্ষ অবলোপন পদ্ধতিতে প্রতি হিসাবকালে অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবভুক্ত করার জন্য ৩/৪টি জাবেদা দাখিলা প্রদান করতে হয়। যথা:**

**(১) অলিখিত অনাদায়ী পাওনা হিসাবভুক্ত করা জন্য। (২) অনাদায়ী পাওনা হিসাব (বিশদ আয় বিবরণী বা অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবে স্থানান্তর করে) বন্ধ করার জন্য। এবং (৩) অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব-এর সমন্বিত ঘাটতি বা উদ্বৃত্ত বিশদ আয় বিবরণীর সাথে সমন্বয় করার জন্য।**

**জাবেদা দাখিলা প্রদানের জন্য কাজটা আরো সহজে লাগবে যদি তুমি নিচের বিস্তারিত বর্ণনাটি পড়ো -**

**(১) অলিখিত অনাদায়ী পাওনা হিসাবভুক্ত করার জন্য 'অনাদায়ী পাওনা হিসাব'-কে ডেবিট এবং 'প্রাপ্য হিসাব'-কে ক্রেডিট করতে হয়। যদি 'অলিখিত অনাদায়ী পাওনা' না থাকে তাহলে এই জাবেদা দাখিল প্রদান করতে হয় না। উল্লেখ্য যে, লিখিত/অবলোপনকৃত/হিসাবভুক্ত অনাদায়ী পাওনা নিয়ে কোন জাবেদা দাখিলা প্রদান করতে হবে না। তাই প্রদত্ত সমস্যায় শুধুমাত্র 'অলিখিত অনাদায়ী পাওনা ৩,০০০ টাকা' হিসাবভুক্ত করার জন্য জাবেদা দাখিলা প্রদান করা হয়েছে। কিন্তু অবলোপনকৃত অনাদায়ী পাওনা ৫,০০০ টাকা হিসাবভুক্ত করা আছে বিধায় এটি নিয়ে পুনরায় কোন জাবেদা দাখিলা প্রদান করা হয়নি।**

**(২) অনাদায়ী পাওনা একটি নামিক হিসাব। তাই প্রতি হিসাবকাল শেষে এটি বন্ধ করতে হয়। প্রশ্নপত্রে অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবের প্রারম্ভিক জের থাকলে অনাদায়ী পাওনার মোট জের অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবে স্থানান্তর করে বন্ধ করতে হয়। অন্যথায়, অনাদায়ী পাওনার মোট জের সরাসরি বিশদ আয় বিবরণীতে স্থানান্তর করে বন্ধ করতে হয়। প্রদত্ত সমস্যায়, পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশনের জের আছে। তাই লিখিত/অবলোপনকৃত অনাদায়ী পাওনা ৫,০০০ টাকার সাথে অলিখিত অনাদায়ী পাওনা ৩,০০০ টাকা যোগ করে প্রাপ্ত মোট অনাদায়ী পাওনা ৮,০০০ টাকা অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবে স্থানান্তর করে বন্ধ করা হয়েছে। এজন্য ৮,০০০ টাকা দ্বারা 'অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব'-কে ডেবিট এবং 'অনাদায়ী পাওনা হিসাব'-কে ক্রেডিট করা হয়েছে।**

**(৩) চলতি বছর 'অনাদায়ী পাওনা' বাবদ বিশদ আয় বিবরণীতে কতটাকা খরচ বা আয় হিসাবে দেখাতে হবে তা নির্ণয় করার জন্য আমরা দুই ধাপে কাজ করবো। প্রথম ধাপে মোট অনাদায়ী পাওনার সাথে নতুন অনাদায়ী পাওনা প্রভিশন যোগ করে চলতি ও পরবর্তী হিসাবসনের জন্য সর্বমোট কতটাকা প্রয়োজন সেটির পরিমাণ নির্ণয় করবো। দ্বিতীয় ধাপে**

প্রয়োজনীয় সর্বমোট টাকা থেকে পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন বাদ দিয়ে চলতি বছরের অনাদায়ী পাওনা বাবদ খরচ বা আয় নির্ণয় করবো। প্রথম ধাপ: লিখিত/অবলোপনকৃত অনাদায়ী পাওনা ৫,০০০ টাকার সাথে অলিখিত অনাদায়ী পাওনা ৩,০০০ টাকা যোগ করে মোট অনাদায়ী পাওনা ৮,০০০ টাকা নির্ণয় করতে হবে। মোট অনাদায়ী পাওনা ৮,০০০ টাকার সাথে নতুন অনাদায়ী পাওনা প্রভিশন ৬,০০০ টাকা যোগ করলে চলতি ও পরবর্তী হিসাবসনের জন্য এ খাতে যে সর্বমোট ১৪,০০০ টাকা প্রযোজনীয় তা পাওয়া যাবে। দ্বিতীয় ধাপ: এই খাতে সর্বমোট প্রয়োজনীয় টাকা ১৪,০০০ টাকা থেকে পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন ৩,০০০ টাকা বাদ দিলে চলতি হিসাবসনের অনাদায়ী পাওনা বাবদ খরচ হিসাবে আয় বিবরণীতে প্রদর্শিত টাকার পরিমাণ ১১,০০০ টাকা পাওয়া যাবে। এজন্য ১১,০০০ টাকা দ্বারা 'বিশদ আয় বিবরণী'-কে ডেবিট এবং 'অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব'-কে ক্রেডিট করা হয়েছে। উল্লেখ্য যে, যদি কখনো পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন বেশি হয় তাহলে যত টাকা বেশি থাকে তত টাকা চলতি হিসাবসনে অনাদায়ী পাওনা বাবদ আয় হিসাবে বিশদ আয় বিবরণীতে পরিচালন খরচের অধীনে ঋণাত্মক দফা হিসাবে দেখাতে হবে।

## ১(গ) নং প্রশ্ন উত্তর

অনাদায়ী পাওনা হিসাব — হিসাবের কোড নং ........

| তারিখ | হিসাব শিরোনাম | সূত্র | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | ডেবিট জের টাকা | ক্রেডিট জের টাকা |
|---|---|---|---|---|---|---|
| ২০১৯ খ্রি: | | | | | | |
| ডিসে-৩১ | প্রাপ্য হিসাব | | - | - | ৫,০০০ | - |
| ডিসে-৩১ | প্রাপ্য হিসাব | | ৩,০০০ | - | ৮,০০০ | - |
| ডিসে-৩১ | অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব | | | ৮,০০০ | - | - |

অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব — হিসাবের কোড নং ........

| তারিখ | হিসাব শিরোনাম | সূত্র | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | ডেবিট জের টাকা | ক্রেডিট জের টাকা |
|---|---|---|---|---|---|---|
| ২০১৯ খ্রি: | | | | | | |
| জানু-০১ | প্রারম্ভিক ব্যালেন্স | | | | - | ৩,০০০ |
| ডিসে-৩১ | অনাদায়ী পাওনা হিসাব | | ৮,০০০ | - | ৫,০০০ | - |
| ডিসে-৩১ | বিশদ আয় বিবরণী | | - | ১১,০০০ | - | ৬,০০০ |

### উদ্দীপকটি অবলম্বনে আরো কিছু ২ নম্বর উপযোগী প্রশ্ন হতে পারে:

ক) চলতি বছরের মোট অনাদায়ী পাওনার পরিমাণ নির্ণয় করো।
খ) চলতি বছরের অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো।
গ) বছর শেষে প্রাপ্য হিসাবের নগদ আদায়যোগ্য মূল্য নির্ণয় করো।

উত্তর সংকেত:
(ক) মোট অনাদায়ী পাওনা = লিখিত অনাদায়ী পাওনা + অলিখিত অনাদায়ী পাওনা
= ৫,০০০ টাকা + ৩,০০০ টাকা = ৮,০০০ টাকা।
(খ) অনাদায়ী পাওনা খরচ = মোট অনাদায়ী পাওনা + নতুন অনাদায়ী পাওনা প্রভিশন - পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন
= ৮,০০০ টাকা + ৬,০০০ টাকা - ৩,০০০ টাকা = ১১,০০০ টাকা।
(গ) প্রাপ্য হিসাবের নগদ আদায়যোগ্য মূল্য = প্রাপ্য হিসাবের সমাপনী জের - অলিখিত অনাদায়ী পাওনা - নতুন অনাদায়ী পাওনা প্রভিশন
= ৬৩,০০০ টাকা - ৩,০০০ টাকা - ৬,০০০ টাকা = ৫৪,০০০ টাকা।

### উদ্দীপকটি অবলম্বনে আরো ১টি ৪ নম্বর উপযোগী প্রশ্ন হতে পারে:

ক) বিশদ আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে প্রাপ্য হিসাব সংক্রান্ত দফা প্রদর্শন করো।

## ১(ক) নং প্রশ্ন উত্তর

আগমনী লিমিটেড
বিশদ আয় বিবরণী (আংশিক)
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন খরচ:** | | |
| লিখিত অনাদায়ী পাওনা | ৫,০০০ | |
| যোগ: অলিখিত অনাদায়ী পাওনা | ৩,০০০ | |
| | ৮,০০০ | |
| যোগ: নতুন অনাদায়ী পাওনা প্রভিশন | ৬,০০০ | |
| | ১৪,০০০ | |
| বাদ: পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন | ৩,০০০ | |
| | | ১১,০০০ |

আগমনী লিমিটেড
আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদ:** | | |
| প্রাপ্য হিসাব | ৬৩,০০০ | |
| বাদ: অলিখিত অনাদায়ী পাওনা | ৩,০০০ | |
| | ৬০,০০০ | |
| বাদ: নতুন অনাদায়ী পাওনা প্রভিশন | ৬,০০০ | |
| | | ৫৪,০০০ |

## নমুনা প্রশ্ন - ০২
## (প্রভিশন - প্রাপ্য হিসাবের ওপর শতকরা হার - আধুনিক পদ্ধতি)

সুমন ট্রেডার্স-এর ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখের প্রাপ্য হিসাব সংশ্লিষ্ট তথ্যাবলি নিম্নরূপ:

| | |
|---|---|
| প্রাপ্য হিসাব | ২,০০,০০০ টাকা |
| অনাদায়ী পাওনা | ১৫,০০০ টাকা |
| অনাদায়ী পাওনা প্রভিশন (ক্রেডিট) | ৭,৭৫০ টাকা |

প্রাপ্য হিসাবের আরও ৫,০০০ টাকা অনাদায়ী পাওনা হিসাবে হিসাবভূক্ত করতে হবে। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে অনাদায়ী পাওনা প্রভিশন সৃষ্টি করতে হবে।

ক) অনাদায়যোগ্য খরচের পরিমাণ নির্ণয় করো।
খ) প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও।
গ) বিশদ আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে প্রাপ্য হিসাব সংক্রান্ত দফা প্রদর্শন করো।

## ২(ক) নং প্রশ্ন উত্তর

**অনাদায়যোগ্য খরচের পরিমাণ নির্ণয়:**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন (ক্রেডিট জের) | ৭,৭৫০ | |
| বাদ: অলিখিত অনাদায়ী পাওনা | ৫,০০০ | |
| **পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবে ক্রেডিট জের** | **২,৭৫০** | |
| নতুন অনাদায়ী পাওনা প্রভিশন [(২,০০,০০০ - ৫,০০০)×৫%] | ৯,৭৫০ | |
| **অনাদায়যোগ্য খরচ (৯,৭৫০ টাকা - ২,৭৫০ টাকা)=** | | **৭,০০০** |

**বিশেষ নোট:** প্রভিশন/ভাতা পদ্ধতিতে 'অনাদায়ী পাওনা' হিসাবভুক্ত করার জন্য 'অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব' ডেবিট এবং 'প্রাপ্য হিসাব' ক্রেডিট করা হয়। ফলে ৩১ ডিসেম্বর তারিখের 'প্রাপ্য হিসাব' ও 'অনাদায়ী পাওনা প্রভিশন' থেকে অনাদায়ী পাওনা ১৫,০০০ টাকা বাদ দেয়া আছে। কিন্তু 'অলিখিত অনাদায়ী পাওনা' হিসাবভুক্ত করার জন্য ৩১ ডিসেম্বর তারিখের 'প্রাপ্য হিসাব' ও 'অনাদায়ী পাওনা প্রভিশন' থেকে উক্ত অলিখিত অনাদায়ী পাওনা ৫,০০০ টাকা বাদ দিতে হবে। উক্ত টাকা বাদ দেয়ার পর দেখা যাচ্ছে যে, পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশনের আরো ২,৭৫০ টাকা ক্রেডিট উদ্বৃত্ত আছে। অতএব, নতুন অনাদায়ী পাওনা প্রভিশন ৯,৭৫০ টাকা থেকে পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশনের ক্রেডিট উদ্বৃত্ত ২,৭৫০ টাকা বাদ দিলে চলতি বছরের 'অনাদায়ী পাওনা খরচ' বা 'অনাদায়যোগ্য খরচের পরিমাণ' পাওয়া যাবে।

## ২(খ) নং প্রশ্ন উত্তর

সুমন ট্রেডার্স
সাধারণ জাবেদা

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | | সূত্র | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৯ খ্রি: | | | | | |
| ডিসে-৩১ | অনাদায়ী পাওনা প্রভিশন | ডে. | | ৫,০০০ | |
| | প্রাপ্য হিসাব | ক্রে. | | | ৫,০০০ |
| | (অলিখিত অনাদায়ী পাওনা হিসাবভুক্ত করা হলো।) | | | | |
| ডিসে-৩১ | অনাদায়ী পাওনা খরচ | ডে. | | ৭,০০০ | |
| | অনাদায়ী পাওনা প্রভিশন | ক্রে. | | | ৭,০০০ |
| | (চলতি বছরের অনাদায়ী পাওনা খরচ সমন্বয় করা হলো।) | | | | |
| ডিসে-৩১ | বিশদ আয় বিবরণী | ডে. | | ৭,০০০ | |
| | অনাদায়ী পাওনা খরচ | ক্রে. | | | ৭,০০০ |
| | (অনাদায়ী পাওনা খরচ হিসাব বন্ধ করা হলো। ) | | | | |
| | | মোট= | | ১৯,০০০ | ১৯,০০০ |

**বিশেষ নোট:**

প্রভিশন/ভাতা পদ্ধতিতে প্রতি হিসাবকালে অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবভুক্ত করার জন্য ৩/৪টি জাবেদা দাখিলা প্রদান করতে হয়। যথা:

(১) অলিখিত অনাদায়ী পাওনা হিসাবভুক্ত করা জন্য।

(২) চলতি বছরের অনাদায়ী পাওনা খরচ সমন্বয় করার জন্য। এবং

(৩) অনাদায়ী পাওনা খরচ বন্ধ করার জন্য।

জাবেদা দাখিলা প্রদানের জন্য কাজটা আরো সহজে লাগবে যদি তুমি নিচের বিস্তারিত বর্ণনাটি পড়ো -

(১) অলিখিত অনাদায়ী পাওনা হিসাবভুক্ত করার জন্য 'অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব'-কে ডেবিট এবং 'প্রাপ্য হিসাব'-কে ক্রেডিট করতে হয়। যদি 'অলিখিত অনাদায়ী পাওনা' না থাকে তাহলে এই জাবেদা দাখিল প্রদান করতে হয় না। উল্লেখ্য যে, লিখিত/অবলোপনকৃত/হিসাবভুক্ত অনাদায়ী পাওনা নিয়ে কোন জাবেদা দাখিলা প্রদান করতে হবে না। তাই প্রদত্ত সমস্যায় শুধুমাত্র 'অলিখিত অনাদায়ী পাওনা ৫,০০০ টাকা' হিসাবভুক্ত করার জন্য জাবেদা দাখিলা প্রদান করা হয়েছে। কিন্তু অবলোপনকৃত অনাদায়ী পাওনা হিসাবভুক্ত করা আছে বিধায় এটি নিয়ে পুনরায় কোন জাবেদা দাখিলা প্রদান করা হয়নি।

(২) 'অনাদায়ী পাওনা খরচ' নির্ণয় করার জন্য আমরা দুই ধাপে কাজ করবো। প্রথম ধাপে মোট অনাদায়ী পাওনার সাথে পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন সমন্বয় করার পর এটির উদ্বৃত্ত বা ঘাটতির পরিমাণ নির্ণয় করবো। দ্বিতীয় ধাপে নতুন অনাদায়ী পাওনা প্রভিশনের সাথে পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশনের উদ্বৃত্ত বা ঘাটতি সমন্বয় করে চলতি বছরের অনাদায়ী পাওনা খরচ নির্ণয় করবো।

প্রথম ধাপ: লিখিত ও অলিখিত অনাদায়ী পাওনা যোগ করে মোট অনাদায়ী পাওনার পরিমাণ নির্ণয় করতে হবে। পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন থেকে মোট অনাদায়ী পাওনা বাদ দিতে হবে। বাদ দেয়ার পর পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশনের শূণ্য বা, ডেবিট (ঘাটতি) বা, ক্রেডিট (অতিরিক্ত ) উদ্বৃত্ত থাকতে পারে।

দ্বিতীয় ধাপ: নতুন অনাদায়ী পাওনা প্রভিশনের সাথে পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশনের উদ্বৃত্ত সমন্বয় করে অনাদায়ী পাওনা খরচ নির্ণয় করতে হবে। এখানে তিনটা বিকল্প অবস্থা পাওয়া যেতে পারে।

(ক) যদি পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশনের জের শূণ্য হয় তাহলে নতুন অনাদায়ী পাওনা প্রভিশনই হবে চলতি বছরের 'অনাদায়ী পাওনা খরচ'।

(খ) যদি পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশনের ডেবিট জের থাকে তাহলে তা নতুন অনাদায়ী পাওনা প্রভিশনের সাথে যোগ করে চলতি বছরের 'অনাদায়ী পাওনা খরচ' পাওয়া যাবে।

(গ) আর যদি পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশনের ক্রেডিট জের থাকে তাহলে তা নতুন অনাদায়ী পাওনা প্রভিশন থেকে বাদ দিলে চলতি বছরের 'অনাদায়ী পাওনা খরচ' পাওয়া যাবে।

প্রদত্ত সমস্যায় পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশনের ২,৭৫০ টাকা ক্রেডিট উদ্বৃত্ত আছে। তাই তা নতুন অনাদায়ী পাওনা প্রভিশন ৯,৭৫০ টাকা থেকে বাদ দিয়ে অনাদায়ী পাওনা খরচ ৭,০০০ টাকা নির্ণয় করা হয়েছে।

(৩) চলতি বছরের 'অনাদায়ী পাওনা খরচ' বন্ধ করার জন্য একটি সমাপনী জাবেদা দাখিলা প্রদান করতে হবে। প্রদত্ত সমস্যায় অনাদায়ী পাওনা খরচ বন্ধ করার জন্য ৭,০০০ টাকা দ্বারা 'বিশদ আয় বিবরণী'-কে ডেবিট এবং 'অনাদায়ী পাওনা খরচ'-কে ক্রেডিট করতে হবে।

## ২(গ) নং প্রশ্ন উত্তর

সুমন ট্রেডার্স
বিশদ আয় বিবরণী (আংশিক)
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন খরচ:** | | |
| অনাদায়ী পাওনা খরচ | ৭,০০০ | |

সুমন ট্রেডার্স
আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদ:** | | |
| প্রাপ্য হিসাব | ২,০০,০০০ | |
| বাদ: অলিখিত অনাদায়ী পাওনা | ৫,০০০ | |
| | ১,৯৫,০০০ | |
| বাদ: নতুন অনাদায়ী পাওনা প্রভিশন | ৯,৭৫০ | |
| | | ১,৮৫,২৫০ |

### উদ্দীপকটি অবলম্বনে আরো কিছু ২ নম্বর উপযোগী প্রশ্ন হতে পারে:

ক) অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবের সমাপনী জের নির্ণয় করো।
খ) চলতি বছরের মোট অনাদায়ী পাওনার পরিমাণ নির্ণয় করো।
গ) বছর শেষে প্রাপ্য হিসাবের নগদ আদায়যোগ্য মূল্য নির্ণয় করো।
ঘ) অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবের প্রারম্ভিক জের নির্ণয় করো।

উত্তর সংকেত:

(ক) অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবের সমাপনী জের = সমন্বিত প্রাপ্য হিসাব × অনাদায়ী পাওনা প্রভিশনের শতকরা হার
= (২,০০,০০০-৫,০০০) × ৫% = ৯,৭৫০ টাকা।

(খ) মোট অনাদায়ী পাওনা = লিখিত অনাদায়ী পাওনা + অলিখিত অনাদায়ী পাওনা
= ১৫,০০০ টাকা + ৫,০০০ টাকা = ২০,০০০ টাকা।

(গ) প্রাপ্য হিসাবের নিট আদায়যোগ্য মূল্য = প্রাপ্য হিসাবের সমাপনী জের - অলিখিত অনাদায়ী পাওনা - নতুন অনাদায়ী পাওনা প্রভিশন
= ২,০০,০০০ টাকা - ৫,০০০ টাকা - ৯,৭৫০ টাকা = ৫৪,০০০ টাকা।

(ঘ) অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবের প্রারম্ভিক জের = অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবের সমন্বিত জের + অবলোপনকৃত অনাদায়ী পাওনা
= ৭,৭৫০ টাকা + ১৫,০০০ টাকা = ২২,৭৫০ টাকা ]

# নমুনা প্রশ্ন -০৩
## (প্রত্যক্ষ অবলোপন - প্রাপ্য হিসাবের ওপর শতকরা হার - সনাতন পদ্ধতি)

জনতা কোম্পানি লিমিটেড-এর প্রাপ্য হিসাব সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| অনাদায়ী পাওনা প্রভিশন (০১-০১-২০১৯) | ৩০,০০০ |
| প্রাপ্য হিসাব (০১-০১-২০১৯) | ১,২৯,০০০ |
| অনাদায়ী দেনা হিসাবভূক্ত হয়েছে | ১২,০০০ |
| অনাদায়ী দেনা হিসাবভূক্ত করতে হবে | ৯,০০০ |
| চলতি বছরের বাকিতে বিক্রয় | ১,৮০,০০০ |

প্রাপ্য হিসাবের ওপর ১০% হারে অনাদায়ী পাওনা প্রভিশন রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক) অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবের সমাপনী জের নির্ণয় করো।

খ) অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা প্রভিশন সংক্রান্ত জাবেদা লিখ।

গ) উপর্যুক্ত তথ্যগুলি কোম্পানি আর্থিক বিবরণীতে কীভাবে প্রদর্শিত হবে তা দেখাও

## ৩(ক) নং প্রশ্ন উত্তর

**অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবের সমাপনী জের নির্ণয়:**

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রাপ্য হিসাব (০১-০১-২০১৯) | ১,২৯,০০০ |
| যোগ: ধারে বিক্রয় | ১,৮০,০০০ |
| | ৩,০৯,০০০ |
| বাদ: মোট অনাদায়ী পাওনা ( ১২,০০০+ ৯,০০০) | ২১,০০০ |
| প্রাপ্য হিসাব (৩১-১২-২০১৯) | ২,৮৮,০০০ |

∴ অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবের সমাপনী জের

= প্রাপ্য হিসাবের সমাপনী জের × অনাদায়ী পাওনা প্রভিশনের শতকরা হার

= ২,৮৮,০০০× ১০%

= ২৮,৮০০ টাকা

**বিশেষ নোট:**

- প্রশ্নপত্রে, প্রাপ্য হিসাবের প্রারম্ভিক জের দেয়া থাকলে সর্বপ্রথম এটির সমাপনী জের নির্ণয় করে নিতে হবে। প্রাপ্য হিসাবের প্রারম্ভিক জেরের সাথে প্রাপ্য হিসাবের পরিমাণ বৃদ্ধি করে এমন দফাগুলি যোগ করতে হবে এবং প্রাপ্য হিসাবের পরিমাণকে হ্রাস করে এমন দফাগুলি বাদ দিতে হবে। এতে যে জের পাওয়া যাবে তা হবে প্রাপ্য হিসাবে সমাপনী জের।
- প্রদত্ত সমস্যায় প্রাপ্য হিসাবের প্রারম্ভিক উদ্বৃত্ত ১,২৯,০০ টাকার সাথে প্রাপ্য হিসাবের বৃদ্ধিকারক একমাত্র দফা ধারে বিক্রয় ১,৮০,০০০ টাকা যোগ করতে হবে। প্রাপ্ত যোগফল ৩,০৯,০০০ টাকা থেকে প্রাপ্য হিসাবের হ্রাসকারক ২টি দফা হিসাবভুক্ত অনাদায়ী দেনা ১২,০০০ টাকা এবং অহিসাবভুক্ত অনাদায়ী দেনা ৯,০০০ টাকা বাদ দিতে হবে। প্রাপ্ত বিয়োগফল ২,৮৮,০০০ টাকাই প্রাপ্য হিসাবের সমাপনী জের।
- প্রাপ্য হিসাবের সমাপনী জের ২,৮৮,০০০ টাকাকে অনাদায়ী পাওনা প্রভিশনের হার ১০% দ্বারা গুণ করলে প্রাপ্ত ২৮,৮০০ টাকাই হলো অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবের সমাপনী জের বা নতুন অনাদায়ী পাওনা প্রভিশন।

## ৩(খ) নং প্রশ্ন উত্তর

জনতা কোম্পানি লিমিটেড

জাবেদা দাখিলা

| তারিখ | বিবরণ | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৯ খ্রি: | | | | | |
| ডিসে-৩১ | অনাদায়ী দেনা হিসাব | ডে. | | ৯,০০০ | |
| | প্রাপ্য হিসাব | ক্রে. | | | ৯,০০০ |
| | (অলিখিত অনাদায়ী দেনা হিসাবভুক্ত করা হলো।) | | | | |
| ডিসে-৩১ | অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব | ডে. | | ২১,০০০ | |
| | অনাদায়ী দেনা হিসাব | ক্রে. | | | ২১,০০০ |
| | (মোট অনাদায়ী পাওনা, অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবে স্থানান্তর করা।) | | | | |
| ডিসে-৩১ | বিশদ আয় বিবরণী( ১২,০০০+৯,০০০+২৮,৮০০-৩০,০০০) | ডে. | | ১৯,৮০০ | |
| | অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব | ক্রে. | | | ১৯,৮০০ |
| | (পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশনের পরিমাণ কম থাকায় বিশদ আয় বিবরণীতে স্থানান্তর করা হলো। ) | | | | |
| | মোট= | | | ৪৯,৮০০ | ৪৯,৮০০ |

## ৩(গ) নং প্রশ্ন উত্তর

জনতা কোম্পানি লিমিটেড
বিশদ আয় বিবরণী (আংশিক)
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন খরচ:** | | |
| লিখিত অনাদায়ী দেনা | ১২,০০০ | |
| যোগ: অলিখিত অনাদায়ী দেনা | ৯,০০০ | |
| | ২১,০০০ | |
| যোগ: নতুন অনাদায়ী পাওনা প্রভিশন | ২৮,৮০০ | |
| | ৪৯,৮০০ | |
| বাদ: পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন | ৩০,০০০ | |
| | | ১৯,৮০০ |

**বিশেষ নোট:**
যদি সনাতন নিয়মে সমস্যা সমাধান করা হয় তাহলে বিশদ আয় বিবরণীতে লিখিত অনাদায়ী অনাদায়ী পাওনা, অলিখিত অনাদায়ী পাওনা, নতুন অনাদায়ী পাওনা প্রভিশন ও পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন উপরে বর্ণিত নিয়মে প্রদর্শন করতে হবে। পরিচালন খরচ শিরোনামের অধীনে শুধু নিট অনাদায়ী পাওনা খরচ ১৯,৮০০ টাকা দেখানো যাবে না। আধুনিক নিয়মে সমস্যা সমাধানের ক্ষেত্রে সেভাবে লেখার প্রচলন আছে। এই কথাটি বিশেষভাবে মনে রাখবে।

জনতা কোম্পানি লিমিটেড
আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদ:** | | |
| প্রাপ্য হিসাব( ১,২৯,০০০+১,৮০,০০০- ১২,০০০) | ২,৯৭,০০০ | |
| বাদ: অলিখিত অনাদায়ী পাওনা | ৯,০০০ | |
| | ২,৮৮,০০০ | |
| বাদ: নতুন অনাদায়ী পাওনা প্রভিশন | ২৮,৮৫০ | |
| | | ২,৫৯,১৫০ |

### উদ্দীপকটির ভিত্তিতে অতিরিক্ত কিছু ২ নম্বর উপযোগী প্রশ্ন:

ক) মোট অনাদায়ী পাওনার পরিমাণ নির্ণয় করো।
খ) চলতি বছরের অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো।
গ) বছরে শেষে প্রাপ্য হিসাবের নগদ আদায়যোগ্য মূল্য নির্ণয় করো।

### উদ্দীপকটির ভিত্তিতে অতিরিক্ত কিছু ৪ নম্বর উপযোগী প্রশ্ন হতে পারে:

ক) উপযুক্ত তথ্যের ভিত্তিতে কোম্পানির বইতে প্রয়োজনী জাবেদা দাখিলা দাও।
খ) উপযুক্ত তথ্যের ভিত্তিতে অনাদায়ী পাওনা হিসাব ও অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব প্রস্তুত করো।
গ) উপযুক্ত তথ্যের ভিত্তিতে প্রাপ্য হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত করো।

**নোট: আমার বিশ্বাস তোমরা প্রশ্নগুলির উত্তর নিজে নিজে করতে পারবে। সমস্যা হলে আগের সমাধানগুলি দেখে নিবে। তারপরও সমস্যা হলে আমার সাথে ফোনে যোগাযোগ করে সমাধান জেনে নিবে।**

## নমুনা প্রশ্ন -০৪
### (প্রভিশন - প্রাপ্য হিসাবের ওপর শতকরা হার - সনাতন পদ্ধতি)

২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে একতা কোম্পানি লিমিটেড-এর আর্থিক অবস্থার বিবরণীতে প্রাপ্য হিসাবের পরিমাণ ৩,০০,০০০ টাকা এবং অনাদায়ী পাওনা সঞ্চিতি ছিল ১৮,০০০ টাকা। ২০১৯ সালে প্রাপ্য হিসাব সম্পর্কিত নিম্নলিখিত লেনদেনসমূহ সম্পাদিত হয়:

১. ধারে বিক্রয় ৭,৫০,০০০ টাকা ।
২. প্রাপ্য হিসাব আদায় হলো ৩,৭৫,০০০ টাকা।
৩. অনাদায়ী পাওনা অবলোপন করা হলো ১২,০০০ টাকা।
৪. ইতোপূর্বে অবলোপনকৃত অনাদায়ী পাওনা আদায় হলো ৭,৫০০ টাকা।

ক) ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের নগদ আদায়যোগ্য মূল্য নিরূপণ করো।
খ) উপর্যুক্ত ৪টি লেনদেনের জাবেদা দাও।
গ) প্রাপ্য হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরি করে ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের জের নির্ণয় করো।

## ৪(ক) নং প্রশ্ন উত্তর

**২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের নগদ আদায়যোগ্য মূল্য নিরূপণ:**

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রাপ্য হিসাব (৩১-১২-২০১৮)<br>বাদ: নতুন অনাদায়ী পাওনা প্রভিশন (২০১৮) | ৩,০০,০০০<br>১৮,০০০ |
| **নগদ আদায়যোগ্য মূল্য** | **২,৮২,০০০** |

## ৪(খ) নং প্রশ্ন উত্তর

জনতা কোম্পানি লিমিটেড

জাবেদা দাখিলা

| তারিখ | বিবরণ | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| (ক্রমিক নং) | | | | | |
| ০১। | প্রাপ্য হিসাব | ডে. | | ৭,৫০,০০০ | |
| | বিক্রয় হিসাব | ক্রে. | | | ৭,৫০,০০০ |
| | (অলিখিত ধারে বিক্রয় হিসাবভুক্ত করা হলো।) | | | | |
| ০২। | নগদান হিসাব | ডে. | | ৩,৭৫,০০০ | |
| | প্রাপ্য হিসাব | ক্রে. | | | ৩,৭৫,০০০ |
| | (নগদে প্রাপ্য হিসাব থেকে আদায় হিসাবভুক্ত করা হলো।) | | | | |
| ০৩। | অনাদায়ী পাওনা হিসাব | ডে. | | ১২,০০০ | |
| | প্রাপ্য হিসাব | ক্রে. | | | ১২,০০০ |
| | (অলিখিত অনাদায়ী পাওনা হিসাবভুক্ত করা হলো।) | | | | |
| ০৪। | প্রাপ্য হিসাব | ডে. | | ৭,৫০০ | |
| | অনাদায়ী পাওনা প্রভিশন | ক্রে. | | | ৭,৫০০ |
| | (পূর্বে অবলোপনকৃত অনাদায়ী পাওনা বাতিল করা হলো।) | | | | |
| ০৪। | নগদান হিসাব | ডে. | | ৭,৫০০ | |
| | প্রাপ্য হিসাব | ক্রে. | | | ৭,৫০০ |
| | (নগদে পূর্বে অবলোপনকৃত অনাদায়ী পাওনা আদায় হলো। | | | | |
| | | মোট= | | ১১,৫২,০০০ | ১১,৫২,০০০ |

## ৪(গ) নং প্রশ্ন উত্তর

প্রাপ্য হিসাব — হিসাবের কোড নং .........

| তারিখ | হিসাব শিরোনাম | সূত্র | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | ডেবিট জের টাকা | ক্রেডিট জের টাকা |
|---|---|---|---|---|---|---|
| ২০১৯ খ্রি: | | | | | | |
| জানু - ০১ | প্রারম্ভিক জের | | - | - | ৩,০০,০০০ | - |
| ডিসে -৩১ | বিক্রয় হিসাব | | ৭,৫০,০০০ | - | ১০,৫০,০০০ | - |
| ডিসে -৩১ | নগদান হিসাব | | - | ৩,৭৫,০০০ | ৬,৭৫,০০০ | - |
| ডিসে -৩১ | অনাদায়ী পাওনা হিসাব | | - | ১২,০০০ | ৬,৬৩,০০০ | - |
| ডিসে -৩১ | অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব | | ৭,৫০০ | - | ৬,৭০,৫০০ | - |
| ডিসে -৩১ | নগদান হিসাব | | - | ৭,৫০০ | ৬,৬৩,০০০ | - |

অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব — হিসাবের কোড নং .........

| তারিখ | হিসাব শিরোনাম | সূত্র | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | ডেবিট জের টাকা | ক্রেডিট জের টাকা |
|---|---|---|---|---|---|---|
| ২০১৯ খ্রি: | | | | | | |
| জানু-০১ | প্রারম্ভিক ব্যালেন্স | | - | - | - | ১৮,০০০ |
| ডিসে-৩১ | অনাদায়ী পাওনা হিসাব | | ১২,০০০ | - | - | ৬,০০০ |
| ডিসে-৩১ | প্রাপ্য হিসাব | | - | ৭,৫০০ | - | ১৩,৫০০ |

### উদ্দীপকটির ভিত্তিতে অতিরিক্ত কিছু ২ নম্বর উপযোগী প্রশ্ন:

ক) চলতি বছরের অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো।

খ) বছরে শেষে প্রাপ্য হিসাবের নগদ আদায়যোগ্য মূল্য নির্ণয় করো।

গ) কোম্পানির বইতে অনাদায়ী পাওনা আদায় সংক্রান্ত জাবেদা দাখিলা দাও।

**উদ্দীপকটির ভিত্তিতে অতিরিক্ত কিছু ৪ নম্বর উপযোগী প্রশ্ন হতে পারে:**

ক) উপযুক্ত তথ্যের ভিত্তিতে T-ছকে অনাদায়ী পাওনা হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত করো।
খ) কোম্পানির আর্থিক বিবরণীতে প্রাপ্য হিসাব সংক্রান্ত দফাসমূহ প্রদর্শন করো।

**নোট: আমার বিশ্বাস তোমরা প্রশ্নগুলির উত্তর নিজে নিজে করতে পারবে। সমস্যা হলে আগের সমাধানগুলি দেখে নিবে। তারপরও সমস্যা হলে আমার সাথে ফোনে যোগাযোগ করে সমাধান জেনে নিবে।**

## নমুনা প্রশ্ন -০৫
## (প্রভিশন - প্রাপ্য হিসাবের ওপর শতকরা হার - সনাতন পদ্ধতি )

নিচে বর্ণিত তথ্যাবলি সিনথিয়া এন্টারপ্রাইজ-এর হিসাববই থেকে নেয়া হয়েছে-

| বিবরণ | ৩১-১২-২০১৮ | ৩১-১২-২০১৯ |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ১,৪৭,০০০ টাকা | ১,৮৮,০০০ টাকা |
| অনাদায়ী পাওনা প্রভিশন (০১-০১-২০১৮) | ২৭,০০০ টাকা | - |
| লিখিত অনাদায়ী পাওনা | ৫,০০০ টাকা | ৭,৬০০ টাকা |
| অলিখিত অনাদায়ী পাওনা | ৭,০০০ টাকা | ৮,০০০ টাকা |
| অনাদায়ী পাওনা প্রভিশন রাখতে হবে | ১০% | ৮% |

ক) চার্জযোগ্য অনাদায়ী পাওনা নির্ণয় করো।
খ) অনাদায়ী পাওনা হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব প্রস্তুত করো।
গ) আর্থিক অবস্থার বিবরণীতে প্রাপ্য হিসাব হিসাব কীভাবে প্রদর্শিত হবে তা দেখাও।

### ৫(ক) নং প্রশ্ন উত্তর

**চার্জযোগ্য অনাদায়ী পাওনা নির্ণয়:**

| বিবরণ | ৩১-১২-২০১৮ (টাকা) | ৩১-১২-২০১৮ (টাকা) |
|---|---|---|
| লিখিত অনাদায়ী পাওনা | ৫,০০০ | ৭,৬০০ |
| যোগ: অলিখিত অনাদায়ী পাওনা | ৭,০০০ | ৮,০০০ |
| মোট অনাদায়ী পাওনা | ১২,০০০ | ১৫,৬০০ |
| যোগ: নতুন অনাদায়ী পাওনা প্রভিশন | ১৪,০০০ | ১৪,৪০০ |
| | ২৬,০০০ | ৩০,০০০ |
| বাদ: পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন | ২৭,০০০ | ১৪,০০০ |
| **চার্জযোগ্য অনাদায়ী পাওনা =** | **(১,০০০)** | **১৬,০০০** |

গণনা: নতুন অনাদায়ী পাওনা প্রভিশন

| বিবরণ | ২০১৮ (টাকা) | ২০১৯(টাকা) |
|---|---|---|
| প্রাপ্য হিসাব<br>বাদ: অলিখিত অনাদায়ী পাওনা | ১,৪৭,০০০<br>৭,০০০ | ১,৮৮,০০০<br>৮,০০০ |
| **সমন্বিত প্রাপ্য হিসাব** | **১,৪০,০০০** | **১,৮০,০০০** |
| অনাদায়ী পাওনার শতকরা হার | ১০% | ৮% |
| ∴ নতুন অনাদায়ী পাওনা প্রভিশন | ১,৪০,০০০ ×১০%<br>= ১৪,০০০ টাকা | ১,৮০,০০০ ×৮%<br>= ১৪.৪০০ টাকা |

### ৫(খ) নং প্রশ্ন উত্তর

অনাদায়ী পাওনা হিসাব — হিসাবের কোড নং .........

| তারিখ | হিসাব শিরোনাম | সূত্র | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | ডেবিট জের টাকা | ক্রেডিট জের টাকা |
|---|---|---|---|---|---|---|
| ২০১৮ খ্রি: | | | | | | |
| ডিসে-৩১ | প্রাপ্য হিসাব (লিখিত) | | - | - | ৫,০০০ | - |
| ডিসে-৩১ | প্রাপ্য হিসাব(অলিখিত) | | ৭,০০০ | - | ১২,০০০ | - |
| | অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব | | - | ১২,০০০ | - | - |
| ২০১৯ খ্রি: | | | | | | |
| ডিসে-৩১ | প্রাপ্য হিসাব (লিখিত) | | - | - | ৭,৬০০ | - |
| ডিসে-৩১ | প্রাপ্য হিসাব(অলিখিত) | | ৮,০০০ | - | ১৫,৬০০ | - |
| ডিসে-৩১ | অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব | | - | ১৫,৬০০ | - | - |

অনাদায়ী পাওনা প্রভিশন হিসাব　　　　হিসাবের কোড নং ........

| তারিখ | হিসাব শিরোনাম | সূত্র | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | ডেবিট জের টাকা | ক্রেডিট জের টাকা |
|---|---|---|---|---|---|---|
| ২০১৮ খ্রি: | | | | | | |
| জানু-০১ | প্রারম্ভিক ব্যালেন্স | | - | - | - | ২৭,০০০ |
| ডিসে-৩১ | অনাদায়ী পাওনা হিসাব | | ১২,০০০ | - | - | ১৫,০০০ |
| ডিসে-৩১ | বিশদ আয় বিবরণী | | ১,০০০ | - | - | ১৪,০০০ |
| ২০১৯ খ্রি: | | | | | | |
| ডিসে-৩১ | অনাদায়ী পাওনা হিসাব | | ১৫,৬০০ | - | ১,৬০০ | - |
| ডিসে-৩১ | বিশদ আয় বিবরণী | | - | ১৬,০০০ | - | ১৪,৪০০ |

**৫(গ) নং প্রশ্ন উত্তর**

সিনথিয়া এন্টারপ্রাইজ
আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদ:** | | |
| প্রাপ্য হিসাব | ১,৪৭,০০০ | |
| বাদ: অলিখিত অনাদায়ী পাওনা | ৭,০০০ | |
| | ১,৪০,০০০ | |
| বাদ: নতুন অনাদায়ী পাওনা প্রভিশন | ১৪,০০০ | |
| | | ১,২৬,০০০ |

সিনথিয়া এন্টারপ্রাইজ
আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদ:** | | |
| প্রাপ্য হিসাব | ১,৮৮,০০০ | |
| বাদ: অলিখিত অনাদায়ী পাওনা | ৮,০০০ | |
| | ১,৮০,০০০ | |
| বাদ: নতুন অনাদায়ী পাওনা প্রভিশন | ১৪,৪০০ | |
| | | ১,৬৫,৬০০ |

**নমুনা প্রশ্ন -০৬**

**(প্রভিশন - বিক্রয়ের ওপর শতকরা হার - আধুনিক পদ্ধতি )**

নাছির ট্রেডার্স-এর ২০১৯ সালে প্রাপ্য হিসাব সংক্রান্ত তথ্যাদি নিচে দেয়া হলো:

| | |
|---|---|
| প্রাপ্য হিসাব (০১/০১/২০১৯) | ৮০,০০০ টাকা |
| অনাদায়ী পাওনা প্রভিশন (০১/০১/২০১৯) | ৫,৫০০ টাকা |
| নিট ধারে বিক্রয় | ১,২০,০০০ টাকা |
| প্রাপ্য হিসাব থেকে আদায় | ২০,০০০ টাকা |
| অনাদায়ী পাওনা অবলোপন | ৫,০০০ টাকা |

প্রতিষ্ঠানের নিট ধারে বিক্রয়ের ওপর ৫% হারে অনাদায়ী পাওনা প্রভিশন ব্যবস্থা করে।

ক) অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো।
খ) লেনদেনগুলোর প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।
গ) আর্থিক বিবরণীতে উপর্যুক্ত দফাসমূহ প্রদর্শন করো।

## ৬(ক) নং প্রশ্ন উত্তর

**অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় :**

অনাদায়ী পাওনা খরচ
= নিট ধারে বিক্রয় × ৫%
= ১,২০,০০০ টাকা × ৫%
= ৬,০০০ টাকা

**বিশেষ নোট:**

- বিক্রয়ের ওপর শতকরা হার পদ্ধতিতে নিট ধারে বিক্রয়কে অনাদায়ী পাওনা প্রভিশনের শতকরা হার দ্বারা গুণ করে চলতি বছরের অনাদায়ী পাওনা খরচ নির্ণয় করা হয়। উল্লেখ্য যে, এই পদ্ধতিতে চলতি বছরের অনাদায়ী পাওনা খরচ নির্ণয়ের সময় লিখিত অনাদায়ী পাওনা ও অলিখিত অনাদায়ী পাওনা বিবেচনায় আনা হয় না। প্রদত্ত সমস্যায়, নিট ধারে বিক্রয় ১,২০,০০০ টাকাকে অনাদায়ী পাওনা প্রভিশনের হার ৫% দ্বারা গুণ করে প্রাপ্ত ৬,০০০ টাকাকে চলতি বছরের অনাদায়ী পাওনা খরচ গণ্য করা হয়েছে। এক্ষেত্রে অবলোপনকৃত অনাদায়ী পাওনা ৫,০০০ টাকা বিবেচনায় আনা হয়নি।
- এই পদ্ধতিতে আসলে চলতি বছরের অনাদায়ী পাওনা খরচ সরাসারি পাওয়া যায়। কিন্তু অনাদায়ী পাওনা প্রভিশনের সমাপনী জের নির্ণয় করে নিতে হয়। প্রথমে অনাদায়ী পাওনা প্রভিশনের প্রারম্ভিক জেরের সাথে চলতি বছরের অনাদায়ী পাওনা খরচ যোগ করে নিতে হয়। তারপর প্রাপ্ত ফলাফল থেকে চলতি বছরের ধার্যকৃত মোট (লিখিত ও অলিখিত) অনাদায়ী পাওনা বাদ দিলে অনাদায়ী পাওনা প্রভিশনের সমাপনী জের পাওয়া যায়। প্রদত্ত সমস্যায়, অনাদায়ী পাওনা প্রভিশনের প্রারম্ভিক জের ৫,৫০০ টাকার সাথে চলতি বছরের অনাদায়ী পাওনা খরচ ৬,০০০ টাকা যোগ করে প্রাপ্ত ১১,৫০০ টাকা থেকে অবলোপকৃত অনাদায়ী পাওনা ৫,০০০ টাকা বাদ দিলে অনাদায়ী পাওনা প্রভিশনে সমাপনী জের ৬,৫০০ টাকা পাওয়া যাবে। যা আর্থিক অবস্থার বিবরণীতে প্রাপ্য হিসাব থেকে নতুন অনাদায়ী পাওনা প্রভিশন নামে বাদ দিয়ে দেখাতে হবে।

## ৬(খ) নং প্রশ্ন উত্তর

নাছির ট্রেডার্স
সাধারণ জাবেদা

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | | সূত্র | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৯ খ্রি: | | | | | |
| ডিসে-৩১ | প্রাপ্য হিসাব | ডে. | | ১,২০,০০০ | |
| | বিক্রয় হিসাব | ক্রে. | | | ১,২০,০০০ |
| | (অলিখিত ধারে বিক্রয় হিসাবভুক্ত করা হলো।) | | | | |
| ডিসে-৩১ | নগদান | ডে. | | ২০,০০০ | |
| | প্রাপ্য হিসাব | ক্রে. | | | ২০,০০০ |
| | (অনাদায়ী পাওনা খরচ হিসাবভুক্ত করা হলো।) | | | | |
| ডিসে-৩১ | অনাদায়ী পাওনা প্রভিশন | ডে. | | ৫,০০০ | |
| | প্রাপ্য হিসাব | ক্রে. | | | ৫,০০০ |
| | (অবলোপনকৃত অনাদায়ী পাওনা হিসাবভুক্ত করা হলো।) | | | | |
| ডিসে-৩১ | অনাদায়ী পাওনা খরচ | ডে. | | ৬,০০০ | |
| | অনাদায়ী পাওনা প্রভিশন | ক্রে. | | | ৬,০০০ |
| | (অনাদায়ী পাওনা খরচ হিসাবভুক্ত করা হলো।) | | | | |
| ডিসে-৩১ | বিশদ আয় বিবরণী | ডে. | | ৬,০০০ | |
| | অনাদায়ী পাওনা খরচ | ক্রে. | | | ৬,০০০ |
| | (অনাদায়ী পাওনা খরচ হিসাব বন্ধ করা হলো।) | | | | |
| | | মোট= | | ১,৫৭,০০০ | ১,৫৭,০০০ |

## ৬(গ) নং প্রশ্ন উত্তর

**আর্থিক বিবরণীতে উপস্থাপন:**

নাছির ট্রেডার্স
বিশদ আয় বিবরণী (আংশিক)
..... তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **পরিচালন ব্যয়** | | | |
| অনাদায়ী পাওনা খরচ | ৬,০০০ | | |

**বিশেষ নোট:** বিক্রয়ের ওপর শতকরা হার পদ্ধতিতে অনাদায়ী পাওনা খরচ বিশদ আয় বিবরণীতে পরিচালন খরচ-এর অধীনে অনাদায়ী পাওনা খরচ নামে সরাসরি দেখানো হয়। উল্লেখ্য যে, প্রাপ্য হিসাবের ওপর শতকরা হার পদ্ধতির ন্যায় এই পদ্ধতিতে লিখিত অনাদায়ী পাওনা, অলিখিত অনাদায়ী পাওনা, নতুন অনাদায়ী পাওনা প্রভিশন ও পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন ইত্যাদি সমন্বয় করে অনাদায়ী পাওনা খরচ নির্নয় করে দেখানো যায় না।

নাছির ট্রেডার্স
আর্থিক অবস্থার বিবরণী(আংশিক)
..... তারিখে প্রস্তুতকৃত

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **চলতি সম্পদ:** | | | |
| প্রাপ্য হিসাব (৮০,০০০+১,২০,০০০-২০,০০০-৫,০০০) | ১,৭৫,০০০ | | |
| বাদ: নতুন অনাদায়ী পাওনা প্রভিশন (৫,৫০০+৬,০০০-৫,০০০) | ৬,৫০০ | | |
| | | ১,৬৮,৫০০ | |

**বিশেষ নোট:**
সাধারণত আর্থিক অবস্থার বিবরণীতে প্রাপ্য হিসাব থেকে অলিখিত অনাদায়ী পাওনা এবং নতুন অনাদায়ী পাওনা প্রভিশন বাদ দিয়ে দেখানো হয়। প্রদত্ত সমস্যায় অলিখিত অনাদায়ী পাওনা না থাকায় শুধুমাত্র নতুন অনাদায়ী পাওনা প্রভিশন বাদ দিয়ে দেখানো হয়েছে।

**২ নম্বর উপযোগী অতিরিক্ত প্রশ্ন ও উত্তর:**
১। নতুন অনাদায়ী পাওনা প্রভিশন/অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাবের সমাপনী জের নির্ণয় করো।

**অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাবের সমাপনী জের নির্ণয় :**

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রারম্ভিক জের | ৫,৫০০ |
| যোগ: অনাদায়ী পাওনা খরচ | ৬,০০০ |
| বাদ: অনাদায়ী পাওনা অবলোপন | ৫,০০০ |
| নতুন অনাদায়ী পাওনা প্রভিশন/অনাদায়ী পাওনা প্রভিশন-এর সমাপনী জের= | ৬,৫০০ |

**বিশেষ নোট:**

- অনাদায়ী পাওনা প্রভিশনের প্রারম্ভিক জেরকে **পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন**, অনাদায়ী পাওনা প্রভিশনের সমাপনী জেরকে **নতুন অনাদায়ী পাওনা প্রভিশন**, অবলোপনকৃত/হিসাবভুক্ত অনাদায়ী পাওনাকে **লিখিত অনাদায়ী পাওনা** এবং অহিসাবভুক্ত/নতুন করে ধার্যকৃত অনাদায়ী পাওনাকে **অলিখিত/নতুন অনাদায়ী পাওনা** বলা হয়।
- **বিক্রয়-এর ওপর শতকরা হার পদ্ধতিতে** নিট ধারে বিক্রয়ের ওপর অনাদায়ী পাওনা প্রভিশনের শতকরা হার প্রয়োগ করে সরাসরি **চলতি বছরের অনাদায়ী পাওনা খরচ** পাওয়া যায় এবং **নতুন অনাদায়ী পাওনা প্রভিশন** নির্ণয় করা হয় পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন, লিখিত অনাদায়ী পাওনা, অলিখিত অনাদায়ী পাওনা ও চলতি বছরের অনাদায়ী পাওনা খরচ সমন্বয় করে । অর্থাৎ এই পদ্ধতিতে নতুন অনাদায়ী পাওনা প্রভিশন = পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন + চলতি বছরের অনাদায়ী পাওনা খরচ - মোট (লিখিত + অলিখিত) অনাদায়ী পাওনা ।
- **প্রাপ্য হিসাব-এর ওপর শতকরা হার পদ্ধতিতে** প্রাপ্য হিসাবের ওপর অনাদায়ী পাওনা প্রভিশনের শতকরা হার প্রয়োগ করে সরাসরি **নতুন অনাদায়ী পাওনা প্রভিশন** পাওয়া যায় এবং **চলতি বছরের অনাদায়ী পাওনা খরচ** নির্ণয় করা হয় লিখিত অনাদায়ী পাওনা, অলিখিত অনাদায়ী পাওনা, নতুন অনাদায়ী পাওনা প্রভিশন ও পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন সমন্বয় করে। অর্থাৎ এই পদ্ধতিতে অনাদায়ী পাওনা খরচ = লিখিত অনাদায়ী পাওনা + অলিখিত অনাদায়ী পাওনা + নতুন অনাদায়ী পাওনা প্রভিশন - পুরাতন অনাদায়ী পাওনা প্রভিশন।

<><><><><><><><><><><><><><><><><><><>

প্রিয় শিক্ষার্থী,
হিসাববিজ্ঞান প্রথমপত্রের যষ্ঠ অধ্যায় : প্রাপ্য হিসাবসমূহরে হিসাবরক্ষণ থেকে প্রায় প্রতি বছরই বোর্ড পরীক্ষায় সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্ন থাকে। এখানে, আমি ৬টি সৃজনশীল নমুনা প্রশ্ন ও নমুনা উত্তর দিয়েছে। প্রায় প্রতিটি নমুনা প্রশ্নের সাথে নির্দিষ্ট ৩টি প্রশ্ন ছাড়াও সংশ্লিষ্ট উদ্দীপক থেকে অতিরিক্ত কী কী প্রশ্ন থাকতে পারে সেগুলি উল্লেখ করেছি এবং সেগুলি সমাধানের ইংগিত দেয়া হয়েছে। তোমাদের প্রতি নির্দেশ হচ্ছে, এই নমুনা প্রশ্ন ও উত্তরগুলি বারবার চর্চা করবে। আমি প্রতিটি প্রশ্নের সাথে সমাধান নির্দেশনা দিয়েছে। না বুঝলে সেগুলি মনোযোগ দিয়ে পড়বে। আমার বিশ্বাস, এতে তুমি তোমার সমস্যার সমাধান পেয়ে যাবে । তারপরও কারো কোন সমস্যা থাকলে নিচের মোবাইল নম্বরে ফোন করে সমস্যার সমাধান জেনে নেবে। সমস্যা নিয়ে বসে থাকবে না।
প্রাক্-নির্বাচনি পরীক্ষা ও নির্বাচনি পরীক্ষায় অবশ্যই এই অধ্যায় থেকে প্রশ্ন থাকবে। এখানে আমি যে ৬টি নমুনা প্রশ্ন ও উত্তর সংযুক্ত করেছি সেগুলি ভালোভাবে আয়ত্ব করার পর তোমরা বিভিন্ন শিক্ষা বোর্ডের ২০১৭. ২০১৮ ও ২০১৯ সালের প্রশ্নগুলিও নিজে নিজে সমাধান করবে।

ভালো থেকে, ঘরে থেকো, সুস্থ ও নিরাপদে থোকো। ধন্যবাদ।

**মুহম্মদ জিয়াউর রহমান, সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান)**
**মোবাইল # ০১৭১০-৯৩৫৩৫৬, বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম।**